গোপালগঞ্জে নিখোঁজের ২ দিন পর স্কুলছাত্রের লাশ উদ্ধার

গোপালগঞ্জে নিখোঁজের দুইদিন পর স্যামুয়েল সরকার (১১) নামে এক স্কুলছাত্রের লাশ উদ্ধার করেছে পুলিশ।

রোববার দুপুরে মুকসুদপুর উপজেলার ননীক্ষীর ইউনিয়নের কৃষ্ণনগর গ্রামের একটি পুকুর থেকে তার লাশ উদ্ধার করা হয়। এ ঘটনায় রিংকু মজুমদার (৩০) নামে এক যুবককে আটক করেছে পুলিশ। রিংকু ওই উপজেলার কলিগ্রামের প্রভাষ মজুমদারের ছেলে।

স্যামুয়েল বালা মুকসুদপুর উপজেলার কলিগ্রামের দানিয়েল সরকারের ছেলে ও কালভেড়ী অ্যাপস্টরিক মিশনারিজ স্কুলের ৪র্থ শ্রেণির ছাত্র।

সিন্দিয়াঘাট পুলিশ ফাঁড়ির পরিদর্শক মো. আবুল বাশার জানান, গত শুক্রবার সকাল ৮টার দিকে স্যামুয়েল বালাকে পাখি শিকারের কথা বলে বাড়ি থেকে ডেকে নিয়ে যায় প্রতিবেশী রিংকু মজুমদার। এরপর সে বাড়ি ফিরে না আসায় বিভিন্ন স্থানে খোঁজ করেও তার সন্ধান মেলেনি। পরে স্যামুয়েলের বাবা দানিয়েল সরকার সিন্ধিয়াঘাট পুলিশ ফাঁড়িতে একটি অভিযোগ দায়ের করেন। এ ঘটনায় পুলিশ রিংকু মজুমদারকে আটক করে।

ওই পুলিশ কর্মকর্তা আরো জানান, রোববার দুপুরে রিংকুর স্বীকারোক্তির ভিত্তিতে পুকুর থেকে স্যামুয়েলের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য গোপালগঞ্জ জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। লাশের মুখে আঘাতের চিহ্ন রয়েছে বলে জানান ওই পুলিশ কর্মকর্তা।

নিহতের মা জুলিয়া টিয়া সরকার বলেন, শুক্রবার সকাল ৮টার দিকে আমার ছেলে স্যামুয়েলকে রিংকু মজুমদার পাখি শিকার করার কথা বলে ডেকে নিয়ে যায়। রিংকুকে এ ব্যাপারে জিজ্ঞাসাবাদ করলে সে এলোমেলো কথা বলতে থাকে। ওই দিন রাতে পুলিশের কাছে অভিযোগ করলে পুলিশ তাকে আটক করে। আমার একমাত্র ছেলেকে রিংকু হত্যা করেছে। আমি এ হত্যার বিচার চাই ।

মুকসুদপুর থানার ওসি মোস্তফা কামাল পাশা বলেন, অভিযুক্ত রিংকুকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এ ব্যাপারে মামলা দায়েরের প্রস্তুতি

□□□□□